NOV. 24 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# উচ্চ শিক্ষাস্তরে বছরে ছাত্র-ছাত্রী বাড়ছে ৬ লাখ আর প্রাইমারী পর্যায়ে ছাত্র-ছাত্রী কমছে ৬ লাখ

সালাহউদ্দিন বাবলু ॥ দেশে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চ শিক্ষাস্তরে যেখানে প্রতিবছর সর্বমোট গড়ে ৬ লাখ করে শিক্ষার্থী বৃদ্ধি পাচ্ছে, সেখানে প্রাথমিক শিক্ষাস্তরে বর্তমানে বছরে ৬ লাখ করে শিক্ষার্থী কমে যাচ্ছে। ২০০০ সালে সারাদেশে প্রাথমিক স্তরে সর্বমোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ১ কোটি ৭৬ লাখ। ১৯৯৯ সালে এই সংখ্যা ছিল ১ কোটি ৮২ লাখ। অপরদিকে মাদ্রাসা ও কারিগরিসহ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং উচ্চ শিক্ষাস্তরে দেশে ১৯৯৯ সালে সর্বমোট ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ১ কোটি ৬ লাখ ৫৫ হাজার। এর মধ্যে ছাত্রী সংখ্যা ৫০ লাখ ৬৯ হাজার। প্রতিবছর মাধ্যমিক স্তরে গড়ে ৫ লাখ করে ছাত্র-ছাত্রী বৃদ্ধি পাচ্ছে। বাকী ১ লাখ বাড়ে উচ্চ মাধ্যমিক, কারিগরি ও পেশাগতসহ উচ্চ শিক্ষা (বিশ্ববিদ্যালয়) স্তরে।

দেশে বর্তমানে জনসংখ্যা বৃদ্ধির হার নিম্নগামী হওয়ায় এবং ৬ থেকে ১০ বছর বয়সী শিশু সংখ্যা কমে যাওয়ায় প্রাইমারী লেভেলে ছাত্র-ছাত্রী সংখ্যা কমে যাচ্ছে বলে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা পরিসংখ্যান সূত্রে এ তথ্য পাওয়া গেছে।